প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ২৫টি প্রতিষ্ঠানকে ১.৯০ লক্ষ টাকা জরিমানা

২৫ এপ্রিল ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে ময়মনসিংহ, চট্টগ্রাম, কক্সবাজার, ফেনী, রাজশাহী ও পাবনায় আজ বাজার তদারকি করা হয়।

চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহর নেতৃত্বে চট্টগ্রামের হালিশহর ও পাহাড়তলী থানায় ৫টি প্রতিষ্ঠানকে ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর শাহ মখদুম ও বোয়ালিয়া থানায় ৩টি প্রতিষ্ঠানকে ১৭,০০০/- (সতের হাজার) টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাজ্ঞীর আলমের নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৫,৫০০/- (পানের হাজার পাঁচশত) টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে পাবনা সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ২২,০০০/- (বাইশ হাজার) টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ্ সোয়াইব মিয়ার নেতৃত্বে ফেনী সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৬,০০০/- (যোল হাজার) টাকা ও কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ্ আলমের নেতৃত্বে কক্সবাজার সদর উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ৯,৫০০/- (নয় হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কার্চুপিরঅপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **৬টি** বাজার তদারকিতে **২৫টি** প্রতিষ্ঠানকে মোট ১,৯০,০০০/- (এক লক্ষ নবাই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, মৎস্য কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-(আফরোজা রহমান) সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যা ব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ, চট্টগ্রাম, কক্সবাজার, ফেনী, রাজশাহী ও পাবনা।
- ৬। পুলিশ সুপার, ময়মনসিংহ, চট্টগ্রাম, কক্সবাজার, ফেনী, রাজশাহী ও পাবনা।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।